দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 14 NOV 1998 ...
পৃষ্ঠা ১ কলাম ...

## দৃষ্টি আকর্ষণ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৮-১১-৯৬ তারিখে গোপালগঞ্জ জেলার শেখ ফজিলাতুন্নেসা মহিলা কলেজকে জাতীয়করণের ঘোষণা দেন। এরপর প্রধানমন্ত্রীর ঘোষণা অনুসারে জেলা সদরে অবস্থানরত মোট ১৮টি মহিলা কলেজকে জাতীয়করণ করা হয়। কিন্তু আজ পর্যন্ত এই ১৮ কলেজের শিক্ষক-কর্মচারীদের আত্তীকরণ করা হয়নি। ১৬-১০-৯৭ তারিখে শেখ ফজিলাতুন্নেসা সরকারী মহিলা কলেজ ও বরগুনা সরকারী মহিলা কলেজের পদ সৃষ্টির জিও জারি হয়। একই ধারাবাহিকতায় জিও জারি হয়েছে আরও ৬টি কলেজের ক্ষেত্রেও। আত্তীকরণ বিধিমালা ১৯৮১ অনুসারে ইফেকটিভ

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## দৃষ্টি আকর্ষণ (প্রথম পাতার পর)

সার্ভিস গণনা করে পদ সৃষ্টির তারিখ ১৬-১০-৯৭ থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতর ৩০-১০-৯৭ তারিখে শেখ ফজিলাতুন্নেসা সরকারী মহিলা কলেজের শিক্ষকদেরকে আত্তীকরণপূর্বক এডহক ভিত্তিতে নিয়োগের প্রস্তাব পাঠানো হয় মন্ত্রণালয়ে। পদ সৃষ্টিকৃত অন্যান্য কলেজের শিক্ষকদেরকে আত্তীকরণপূর্বক এডহক ভিত্তিতে নিয়োগের প্রস্তাবও মাউশি অধিদফতর থেকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অথচ অদ্যাবধি কোন একটি কলেজের শিক্ষকদেরও আত্তীকরণ করা হয়নি। এতে করে ১৮টি কলেজের ৩ শতাধিক শিক্ষক-কর্মচারীর মধ্যে অনিশ্চয়তার সৃষ্টি হয়েছে। ব্যাহত হচ্ছে কলেজগুলোর স্বাভাবিক শিক্ষা কার্যক্রমও। কেন এই অচলাবস্থা তা বোধগম্য নয়। ঐ ব্যাপারে হস্তক্ষেপের জন্য প্রধানমন্ত্রী সমীপে আকুল আবেদন জানাচ্ছি। —মোঃ হাফিজুর রহমান, প্রভাষক অর্থনীতি বিভাগ, সরকারী গোলাম হায়দার খান মহিলা কলেজ, শরিয়তপুর।